

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দক্ষিণ
সুনামগঞ্জ, সুনামগঞ্জ

...

সভাপতি সৈয়দা শমসাদ বেগম
উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)
সভার তারিখ ২৩ অক্টোবর, ২০১৯ খ্রিষ্টাব্দ
সভার সময় সকাল ০৯:৪০০ ঘটিকা
স্থান উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, দক্ষিণ সুনামগঞ্জ, সুনামগঞ্জ
উপস্থিতি পরিশিষ্ট-ক

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শুরু করেন। অতঃপর সভায় উপস্থিত সদস্যদের মতামতের ভিত্তিতে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|--------|-----------------------------------|---|--|--|
| ০১. | ইউনিয়ন ডিজিটাল সেন্টার সংক্রান্ত | সভাপতি মহোদয় ইউনিয়ন ডিজিটাল সেন্টার-এর বিভিন্ন সেবা জনগণের দোরগড়ায় কিভাবে পৌঁছানো যায় সে বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষণ করেন। অনলাইন বিষয়ক সকল সেবা জনগনের কাছে পৌঁছানো, ডিজিটাল সেন্টারের প্রতিদিন আয়ের তথ্য 'একসেবা' তে আপলোড করতে বলা হয়। সভাপতি আরো বলেন ইউডিসি উদ্যোক্তাদের সম্পদ রেজিঃ, সেবা মূল্য তালিকা, সেবার ধরন, কি কি সেবা দেওয়া হয় ইত্যাদি সেবার ধরণ উল্লেখপূর্বক ব্যানার তৈরী করে জন সম্মুখ বুলিয়ে রাখতে হবে। | ইউডিসি উদ্যোক্তাগণকে তাদের ডিজিটাল সেন্টারে সেবার মান বাড়ানোর জন্য বলা হয়। | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল), সচিব, ইউডিসি উদ্যোক্তা এবং উপজেলা ডিজিটাল সেন্টারের উদ্যোক্তা |

| | | | | |
|-----|--|---|---|--|
| ০২. | শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল কম্পিউটার ল্যাবের ব্যবহার ও মাল্টিমিডিয়া ক্লাসরুম সংক্রান্ত। | <p>শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে শেখ রাসেল ডিজিটাল ল্যাব এর কম্পিউটারগুলো সচল রাখার বিষয়ে আলোচনা করা হয় এবং প্রতিষ্ঠানসমূহে ছাত্র-ছাত্রীদেরকে নিয়মিত ক্লাস করানোর জন্য শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক ও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক শিক্ষককে নির্দেশনা প্রদান করা হয়।</p> <p>সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক, আইসিটি শিক্ষকসহ সকলকে কনটেন্ট আপলোড করার বিষয়ে গুরুত্ব আরোপ করেন। নিয়মিত মাল্টিমিডিয়া ক্লাস শেষে ওয়েব সাইটে ঢুকে মাল্টিমিডিয়া ক্লাস আপলোডের বিষয়ে পরামর্শ দেয়া হয়।</p> | সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক ও আইসিটি বিষয়ক শিক্ষকগণ। সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের মাল্টিমিডিয়া ক্লাস আপলোড বিষয়ে গুরুত্ব দেয়ার জন্য পরামর্শ প্রদান করা হয়। | ০১। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ০২। উপজেলা শিক্ষা কর্মকর্তা ০৩। সকল ল্যাব সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ। |
| ৩। | নথি (ই-ফাইল) সিস্টেম বাস্তবায়নঃ | <p>সভাপতি মহোদয় ই-ফাইল (নথি) এর কার্যক্রম আরো গতিশীল করার আহবান জানান এবং সকল দপ্তরকে ই-ফাইল (নথি) সিস্টেমের মাধ্যমে পত্র প্রেরণের অনুরোধ জানান। উপজেলা পর্যায়ে ই-নথি বিষয়ে প্রশিক্ষণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ দেওয়া হয়। বিষয়টি অতীব গুরুত্ব সহকারে নেওয়ার জন্য সংশ্লিষ্ট সবাইকে অনুরোধ জানান।</p> <p>এছাড়া উপজেলা পর্যায়ে যেসব অফিস বর্তমানে লাইভে নাই, তাদেরকে লাইভে আনার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেওয়া হয়।</p> | ই-ফাইলিং এর কাজের গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে যে সকল দপ্তর ই-ফাইলিং লাইভ সার্ভারে আছে সে সকল দপ্তরের সাথে ই-ফাইলে সরাসরি পত্র প্রেরণ করার বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা প্যায়ে দপ্তর প্রধান (সকল) ০২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, দক্ষিণ সুনামগঞ্জ |

| | | | | |
|----|---------------------|--|---|---|
| ৪। | জাতীয় তথ্য বাতায়ন | উপজেলা পর্যায়ের সকল সরকারি অফিস ও ইউনিয়নে জাতীয় তথ্য বাতায়ন নিয়ে আলোচনা করা হয়। সকল সরকারি অফিসের ওয়েব পোর্টাল বা তথ্য বাতায়ন দ্রুত হালনাগাদ করার জন্য সভায় অনুরোধ করা হয়। সভাপতি মহোদয় বলেন, জাতীয় তথ্য বাতায়নে যদি কোন কনটেন্ট আপলোড করতে সমস্যা হয় তাহলে সহকারী প্রোগ্রামার এর সাথে যোগাযোগ করার জন্য পরামর্শ প্রদান করা হয়। | জাতীয় তথ্য বাতায়নে উপজেলা পর্যায়ে সকল সরকারি দপ্তরকে নিয়মিত তথ্য হালনাগাদ করার জন্য অনুরোধ করা হয়। | ০১। উপজেলা প্যায়ে দপ্তর প্রধান (সকল) ০২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, দক্ষিণ সুনামগঞ্জ ০৩। ইউডিসি উদ্যোক্তা (সকল)। |
|----|---------------------|--|---|---|

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় তথ্য প্রযুক্তির ব্যবহার সর্বস্তরে ছড়িয়ে ডিজিটাল বাংলাদেশ গঠনে সহায়তা করার আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



সৈয়দা শমসাদ বেগম
উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)

স্মারক নম্বর: ০৫.৪৬.৯০১১.০০০.১৩.০০২.১৯-৮২৬

তারিখ: ৭ কার্তিক ১৪২৬

২৩ অক্টোবর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
- ২) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ
- ৩) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), শিক্ষা ও আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ
- ৪) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুনামগঞ্জ, সুনামগঞ্জ
- ৫) সহকারী কমিশনার (ভূমি), উপজেলা ভূমি অফিস, দক্ষিণ সুনামগঞ্জ, সুনামগঞ্জ
- ৬) উপজেলা কর্মকর্তা, দক্ষিণ সুনামগঞ্জ
- ৭) চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুনামগঞ্জ, সুনামগঞ্জ
- ৮) জনাব দক্ষিণ সুনামগঞ্জ, সুনামগঞ্জ



সৈয়দা শমসাদ বেগম
উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)